

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ২, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
বিআরটিএ সংস্থাপন শাখা

সংশোধিত প্রজ্ঞাপন

তারিখ : ০৫ ফেব্রুয়ারি ২০২০/২২ মাঘ ১৪২৬

নং ৩৫.০০.০০০০.০২০.২২.০০১.১৫-৮১—সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক ০২ অক্টোবর ২০১৮ তারিখ ৩৫.০০.০০০০.০২০.২২.০০১.১৫-৫২৫ সংখ্যক প্রজ্ঞাপনে জারীকৃত বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় এবং উক্ত গেজেটের সংশোধনী ০৭ জুলাই ২০১৯ তারিখের ৩৫.০০.০০০০.০২০.২২.০০১.১৫-৩৭৪ সংখ্যক প্রজ্ঞাপনে জারীকৃত “বিআরটিএ’র কর্মকর্তা/কর্মচারীদের বদলি ও পদায়ন গাইডলাইন” শিরোনামে প্রকাশিত, অতঃপর উক্ত গাইডলাইন বলে অভিহিত, এর সংশোধন—

গাইডলাইন এর অনুচ্ছেদ-৪ “অনুচ্ছেদ-২ এ বর্ণিত চাকরিকাল অতিক্রান্ত হওয়ার পর বদলি ও পদায়নের ক্ষেত্রে ‘ক’ থেকে ‘ঘ’ এ বদলিতে সমস্যা হলে ‘গ’ তে বদলি করা যাবে। ‘গ’ তে সমস্যা হলে ‘খ’ তে বদলি করা যাবে। একইভাবে ‘ঘ’ হতে ‘ক’ তে বদলিতে সমস্যা হলে সেক্ষেত্রে ‘খ’ তে বদলি করা যাবে। আবার ‘খ’ তে সমস্যা হলে ‘গ’ তে বদলি করার বিকল্প চক্র অনুসরণ করতে হবে। কোনোভাবেই ‘ক’ হতে ‘ক’ তে বদলি করা যাবে না। তবে, সহকারী রাজস্ব কর্মকর্তা ও রেকর্ড কিপারসহ যে সকল পদ সকল সার্কেল/অফিসে নেই, সেক্ষেত্রে অনুচ্ছেদ ৩-এ বর্ণিত চক্রাকার বদলি শিথিলযোগ্য: কোনো অবস্থাতেই একই কর্মস্থলে একাধারে ০৩ (তিন) বছরের অধিক সময় কর্মরত রাখা যাবে না।” এর পরিবর্তে নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে :

(২৯৩১)

মূল্য : টাকা ৪.০০

“অনুচ্ছেদ-২ এ বর্ণিত চাকরিকাল অতিক্রান্ত হওয়ার পর বদলি ও পদায়নের ক্ষেত্রে ‘ক’ থেকে ‘ঘ’ এ বদলিতে সমস্যা হলে ‘গ’ তে বদলি করা যাবে। ‘গ’ তে সমস্যা হলে ‘খ’ তে বদলি করা যাবে। একইভাবে ‘ঘ’ হতে ‘ক’ তে বদলিতে সমস্যা হলে সেক্ষেত্রে ‘খ’ তে বদলি করা যাবে। আবার ‘খ’ তে সমস্যা হলে ‘গ’ তে বদলি করার বিকল্প চক্র অনুসরণ করতে হবে। কোনোভাবেই ‘ক’ হতে ‘ক’ তে বদলি করা যাবে না। তবে, সহকারী রাজস্ব কর্মকর্তা ও গ্রেড-১১ থেকে গ্রেড-১৬ (পূর্বতন ৩য় শ্রেণি) পদে কর্মরত কর্মচারীদের পদায়নের ক্ষেত্রে প্রশাসনিক কারণে গাইডলাইনের অনুচ্ছেদ ৩-এর বিধান শিথিলযোগ্য”।

গাইডলাইন এর অনুচ্ছেদ-১৪ “প্রশাসনিক কারণে বদলি ও পদায়নের ক্ষেত্রে ২ অনুচ্ছেদে বর্ণিত সময়সীমা শিথিলযোগ্য হবে। তবে এ ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে।” এর পরিবর্তে নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে :

“প্রশাসনিক কারণে বদলি ও পদায়নের ক্ষেত্রে ২ অনুচ্ছেদে বর্ণিত সময়সীমা শিথিলযোগ্য হবে।”

২। বিআরটিএ’র কর্মকর্তা/কর্মচারীদের বদলি ও পদায়ন গাইডলাইন, ২০১৮ এর অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জসিম উদ্দিন  
সহকারী সচিব।